

“মুজিববর্ষের আহ্বান
দক্ষ হয়ে বিদেশ যান”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২ কাকরাইল, ঢাকা
প্রশাসন (আইন ও বিধি) শাখা
www.bmet.gov.bd



নং-৪৯.০১.০০০০.০০২.১৮.২৫৭.১৪. ৬৬৭

তারিখ : ০১ . ০৪ . ২০২১খ্রিঃ।

“অফিস আদেশ”

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীন বরিশাল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের হোস্টেল সুপারিনটেনডেন্ট, জনাব মোঃ হেলাল উদ্দিন আকন। তিনি গত ৩১/০৩/২০১৪খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকা অবস্থায় গত ২৭/০৪/২০১৪খ্রিঃ তারিখ দিবাগত রাত্রি আনুমানিক ৭.৩০ মিঃ ঘটিকার সময় বরিশাল জেলার কোতয়ালী মডেল থানাধীন সরকারী সৈয়দ হাতেম আলী কলেজের মেইন গেইটের ভিতরে পাকা রাস্তার উপর ২০ (বিশ) রাউন্ড গুলিসহ গোয়েন্দা পুলিশের হাতে ধরা পড়েন।

০২। বেআইনীভাবে নিজ হেফাজতে গোলাবারুদ রাখার কারণে ১৮৭৮ সালের অস্ত্র আইন ও পরবর্তীতে The Arms (Amendment) Act'02 এর 19A আইনে ও কোতয়ালী মডেল থানার মামলা নং-৭০/২৩৮, তারিখ: ২৭/০৪/২০১৪খ্রিঃ মোতাবেক পুলিশ (গোয়েন্দা শাখা) কর্তৃক গ্রেফতার হয়ে গত ২৮/০৪/২০১৪খ্রিঃ তারিখে হতে বরিশাল জেলা কারাগারে অন্তরীণ ছিলেন।

০৩। কারাগারে অন্তরীণ থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা আপিল) বিধিমালা-১৯৮৫ এর বিধি ১১ এবং বিএসআর পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট ২ অনুযায়ী বিএমইটি হতে গত ২৮/০৫/২০১৪খ্রিঃ তারিখ নং-৪৯.০১.০০০০.০০২. ১৮.২৫৭.১৪. ৯৩৯(৬) সংখ্যক স্মারকে আপনাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়।

০৪। বরিশাল মডেল কোতয়ালী থানায় গত ২৭/০৪/২০১৪খ্রিঃ তারিখে আপনার বিরুদ্ধে মামলা হয় (মামলা নম্বর-৭০/২৩৮)। বিজ্ঞ আদালতে মামলার সাক্ষ্য প্রমাণ শেষে The Arms Act, 1878 এর 19(f) ও 19A ধারায় দায়েরকৃত আপনার অপরাধ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় গত ১৮/১০/২০২০খ্রিঃ তারিখে জন নিরাপত্তা বিল্লকারী অপরাধ দমন ট্রাইবুনাল জনাব মোঃ হেলাল উদ্দিন আকন-কে ১০(দশ) বছরের কারাদণ্ডে দণ্ডিত করে আদেশ প্রদান করেন।


০৫। কোন সরকারি কর্মচারী ফৌজদারী মামলায় সাজাপ্রাপ্ত হলে বিধি নিম্নরূপ:

‘সরকারি কর্মচারী আইন-২০১৮ এর ৪২(১) কোনো সরকারি কর্মচারী ফৌজদারী মামলায় আদালত কর্তৃক মৃত্যুদণ্ড বা ১ (এক) বৎসর মেয়াদের অধিক মেয়াদের কারাদণ্ডে দণ্ডিত হইলে, উক্ত দণ্ড আরোপের রায় বা আদেশ প্রদানের তারিখ থেকে চাকরি হইতে তাৎক্ষণিকভাবে বরখাস্ত হইবেন।’

০৬। আপনি জনাব মোঃ হেলাল উদ্দিন আকন, হোস্টেল সুপারিনটেনডেন্ট, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বরিশালকে (জি, আর মামলা নং-২৩৮/১৪ এবং কোতয়ালী থানার মামলা নং-৭০, তারিখ: ২৭/০৪/২০১৪খ্রিঃ হতে উদ্ধৃত) বিশেষ ট্রাইবুনাল মামলা নং-৪৭/২০১৪ এ The Arms Act, 1878 এর 19(f) ও 19A ধারায় অপরাধ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় জন নিরাপত্তা বিল্লকারী অপরাধ দমন ট্রাইবুনাল ১০(দশ) বছরের কারাদণ্ডে দণ্ডিত করে আদেশ প্রদান করেন।

০৭। এক্ষণে, সরকারি কর্মচারী আইন-২০১৮ এর ৪২(১)ধারা মোতাবেক আপনাকে চাকরি হতে বরখাস্ত করা হল।

০৮। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং তা বিজ্ঞ আদালত কর্তৃক দণ্ডাদেশ প্রদানের তারিখ ১৮/১০/২০২০খ্রিঃ হতে কার্যকর গণ্য হবে।


(মোঃ শামছুল আলম)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন : ০২-৯৩৪৯৯২৫ (অফিস)
email-dg@bmet.org.bd

অনুলিপি বিতরণ (কার্যার্থে ও জ্ঞাতার্থে):

- ১। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা), বিএমইটি, ঢাকা।
- ৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল।
- ৪। অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং অফিস আদেশটি জনাব মোঃ হেলাল উদ্দিন আকন, হোস্টেল সুপারিনটেনডেন্ট এর স্থায়ী ঠিকানায় তাঁর স্বজন এর নিকট পৌঁছানো নিশ্চিত করবেন)।
- ৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। অতিরিক্ত মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। জনাব মোঃ হেলাল উদ্দিন আকন, হোস্টেল সুপারিনটেনডেন্ট, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল।